

কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের কবে ভর্তি পরীক্ষা

দেশের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর চলতি শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের স্ট্যান্ডিং কমিটি। সোমবার (৫ আগস্ট) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সম্মেলন কক্ষে কমিটির ২৬১তম সভায় বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ২৯টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা উপস্থিত ছিলেন। জানা গেছে, সভায় বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষা ও আনুষঙ্গিক বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা হয়। সভার আলোচ্য বিষয়ে দৈনিক শিক্ষাকে জানিয়েছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সূত্র।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, দেশের পাঁচটি কৃষি বিশ্ববিদ্যালয় ও কৃষিসংশ্লিষ্ট দুইটি বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের মতক প্রথম বর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষা আগামী ৩০ নভেম্বর অনুষ্ঠিত হবে।

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর সম্ভাব্য ভর্তি পরীক্ষার তারিখ:

প্রকৌশল বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)- ৫ অক্টোবর
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়- ১২ অক্টোবর
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়- ২৪ অক্টোবর
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়- ২৫ অক্টোবর
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়- ১৫ নভেম্বর

সাত কৃষি বিশ্ববিদ্যালয়ে-সমন্বিত ভর্তি পরীক্ষা ৩০ নভেম্বর:

ঢাকার শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়:

দিনাজপুরের হাজি মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-২ থেকে ৫ ডিসেম্বর
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-২৬ অক্টোবর
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-২১ ও ২২ নভেম্বর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-১৫ ও ১৬ নভেম্বর
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-২০ ও ২১ ডিসেম্বর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-১ ও ২ নভেম্বর

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-২২ ও ২৩ নভেম্বর
রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-৬ ডিসেম্বর

অন্যান্য বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় - ১৩, ১৪, ২০, ২১, ২৭, ২৮ সেপ্টেম্বর
জগন্নাথ বিশ্ববিদ্যালয় - ১৪, ২০, ২১, ২৯ সেপ্টেম্বর
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়- ২২ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর
রাজশাহী বিশ্ববিদ্যালয়- ২০ থেকে ২২ অক্টোবর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়- ২৬ থেকে ৩১ অক্টোবর
কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়- ৪ থেকে ৮ নভেম্বর
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস- ২৬ অক্টোবর
কুমিল্লা বিশ্ববিদ্যালয়- ৮ থেকে ৯ নভেম্বর
ময়মনসিংহের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়-১৭ থেকে ২১ নভেম্বর
বরিশাল বিশ্ববিদ্যালয়-১৮ ও ১৯ অক্টোবর
রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়-১০ থেকে ১৪ নভেম্বর
খুলনা বিশ্ববিদ্যালয়-২ নভেম্বর
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়-৮ ও ৯ ডিসেম্বর
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিশ্ববিদ্যালয়-২৯ নভেম্বর
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়-৭ ডিসেম্বর

জাতীয় বিশ্ববিদ্যালয়ে- আগামী ১ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ চলবে। প্রার্থীদের অনলাইন আবেদন ফরম আগামী ১৬ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। আর ১ অক্টোবর থেকে অনার্স ১ম বর্ষের ক্লাস শুরু হবে।